

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল

www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৪৬

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯

২৭ এপ্রিল ২০২২

বিষয়: পিজিসিবি কর্তৃক নির্মিতব্য বোর্ড বাজার ১৩২/৩৩ কেভি সাব-উপকেন্দ্র নির্মাণের জন্য গাজীপুর সদর উপজেলাধীন কলমেশ্বর মৌজায় সর্বমোট প্রায় ১.০২৪১ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। পিজিসিবি স্মারক নং-২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৪১.২২.২৯৬, তারিখ: ১৭-০২-২০২২ খ্রিঃ

২। নগর উন্নয়ন অধিদপ্তর স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১৪৬, তারিখ: ০৪-১২-২০১৮ খ্রিঃ

৩। নগর উন্নয়ন অধিদপ্তর স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬২, তারিখ: ১৪-০৬-২০২০ খ্রিঃ

৪। পিজিসিবি স্মারক নং- ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৩৩.১৯.৩২৬, তারিখঃ ১১/০৩/২০২০

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, পিজিসিবি কর্তৃক নির্মিতব্য বোর্ড বাজার ১৩২/৩৩ কেভি সাব-উপকেন্দ্র নির্মাণের জন্য গাজীপুর সদর উপজেলাধীন কলমেশ্বর মৌজায় সর্বমোট প্রায় ১.০২৪১ একর ভূমি অধিগ্রহণের নিমিত্তে পূর্বের ইস্যুকৃত অনাপত্তি পত্র বাতিলপূর্বক নতুনভাবে অনাপত্তি পত্র প্রদানের জন্য আবেদন করেছে।

উল্লেখ্য সূত্রস্থ ০২ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত সাব-উপকেন্দ্র নির্মাণের জন্য গাজীপুর সদর উপজেলার কলমেশ্বর মৌজায় ১১৫, ১১৯, ১২৩, ১২৪, ১২৫ ও ১২৬ নং দাগে ভূমি অধিগ্রহণ অনাপত্তি প্রদান করা হয়েছিল। পরবর্তীতে প্রদত্ত অনাপত্তি পত্রে উল্লিখিত ১১৫, ১২৫ ও ১২৬ নং দাগে ১টি পাকা দোতলা বাড়ী এবং কিছু টিনশেড ঘর বিদ্যমান থাকায় বাস্তবতার নিরিখে অনাপত্তি পত্রটি বাতিল করার অনুরোধের প্রেক্ষিতে সূত্রস্থ ০৩ নং পত্রের মাধ্যমে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রটি বাতিল করা হয় এবং সূত্রস্থ ০৪ নং পত্রের মাধ্যমে পিজিসিবি কর্তৃক আবেদনের প্রেক্ষিতে সূত্রস্থ ০৩ নং পত্রে একই মৌজায় ১১৫, ১২৫ ও ১২৬ নং দাগের জমি বাতিলপূর্বক নতুনভাবে ১১৬ ও ১১৮নং দাগ অন্তর্ভুক্ত করে ১১৬, ১১৮, ১১৯, ১২৩ ও ১২৪ নং দাগে ভূমি অধিগ্রহণ পুনরায় অনাপত্তি প্রদান করা হয়।

পরবর্তীতে, সূত্রস্থ ০১ নং পত্রের মাধ্যমে পিজিসিবি কর্তৃক একই সাব-উপকেন্দ্র নির্মাণের জন্য পূর্বে ২য় দফায় গৃহীত অনাপত্তি পত্রে উল্লিখিত দাগসূচির সাথে একই মৌজার ১১৫ নম্বর দাগ অন্তর্ভুক্ত করে পূর্বের ইস্যুকৃত অনাপত্তি পত্র বাতিলপূর্বক নতুনভাবে অনাপত্তি পত্র প্রদানের আবেদনের প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত (স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬২, তারিখ: ১৪-০৬-২০২০) অনাপত্তি পত্রটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

১নং সূত্রের পত্রে আবেদনকৃত প্রস্তাবিত জমির মৌজা তফসিল নিম্নরূপঃ

উপজেলার নাম	মৌজা নাম	জেএলনং	দাগনং	পূর্ণ/ আংশিক	জমির পরিমাণ (শতাংশ)
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১১৫	আংশিক	০৮.০৫
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১১৬	আংশিক	২৪.৩২
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১১৮	আংশিক	০৫.২০
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১১৯	আংশিক	৩৬.৮৬
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১২৩	আংশিক	৮.৭০
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	১২৪	আংশিক	১৯.২৮
মোট জমি					১০২.৪১
মোট জমি (একর) = ১.০২৪১ একর					

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত জমিটির অধিকাংশ স্বল্প পানিতে নিমজ্জিত নালজমি, যার আংশিক জায়গায় মাছ চাষ করা হচ্ছে। প্রস্তাবিত আরএস ১১৫ নং দাগে টিনশেড বসতবাড়ী, আরএস ১১৬ নং দাগে টিনশেড মশলা ভাঙ্গানোর কারখানা,

আরএস ১১৯ নং দাগে কিছু জমি বাউন্ডারী ওয়াল দ্বারা ঘেরা রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমির পশ্চিমে খাল ও কাঁচা রাস্তা, পূর্বে পাকাবাড়ী ও নালজমি, উত্তরে একটি ৪তলা নির্মাণাধীন পাকা বাড়ী, কয়েকটি টিনশেড বসতবাড়ী ও কলমেশ্বর - আইইউটি পাকা রোড, দক্ষিণে একটি দুতলা পাকা বাড়ী ও নালজমি রয়েছে। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০১; Google Map, সংযুক্তি-০২)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে দেখা যায় জায়গাটির প্রস্তাবিত ভূমি ব্যবহার Urban Residential Zone, Proposed Road Network এবং Waterbody হিসেবে চিহ্নিত আছে (DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ, সংযুক্তি-৩)। DAP এ Urban Residential Zone এ Static Transformer Station এর Landuse Permission দেয়া আছে (Landuse Permission, সংযুক্তি-৪)। রাজউক কর্তৃক শর্ত সাপেক্ষে ১.০২৪১ একর ভূমি অধিগ্রহণে জনস্বার্থে অনাপত্তি প্রদান করা হয়েছে। (রাজউক এর অনাপত্তিপত্র, সংযুক্তি-০৫)।

এমতাবস্থায়, পিজিসিবি কর্তৃক সাব-উপকেন্দ্র নির্মাণের জন্য প্রস্তাবিত জমি সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ১.০২৪১ একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


### শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) প্রস্তাবিত জমির পশ্চিমে রাজউক এর Detail Area Plan এ চিহ্নিত খালের পানির সীমানা হতে ১০ ফুট পর্যন্ত জায়গা Slope হিসাবে এবং পরবর্তী ০৫ ফুট জায়গা ফুটপাথ হিসাবে সংরক্ষিত রাখতে হবে।
- (৩) কলমেশ্বর মৌজার আর এস ১১৫ এর উত্তর পাশের প্রস্তাবিত জমি রাস্তার জন্য সংরক্ষণ করতে হবে।
- (৪) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৫) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।
- (৬) রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পিজিসিবি কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তিঃ

০১. পরিদর্শন প্রতিবেদন
০২. Google Map
০৩. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
০৪. Landuse Permission
- ০৫। রাজউক এর অনাপত্তিপত্র
০৬. পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র।



২৭-৪-২০২২

আহমেদ আখতারুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

প্রকৌ: মো: শফিউল্লাহ, প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী)  
পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেন্গেনিং প্রজেক্ট, পাওয়ার গ্রিড কোম্পানি

অব বাংলাদেশ লিঃ, হাউজ নং#২৯ (১ম ফ্লোর), রোড#০১, ব্লক-ডি,  
আফতাবনগর, বাবুজা, ঢাকা-১২১২।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৪৬/১(৬)

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৯  
২৭ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



২৭-৪-২০২২

মোঃ সাইফুর রহমান

প্ল্যানার